

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

বিষয়ঃ শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের লক্ষ্যে সভার কার্যবিবরণী:

সভাপতি : মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
সভার তারিখ : ১১ জুলাই ২০১৭
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সময়ঃ বিকাল ৪:০০ ঘটিকা

অদ্য বিকাল ৪:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে পরিচালকবৃন্দ এবং সহকারী পরিচালকবৃন্দের সম্মুখে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) সংক্রান্ত বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভার শুরুতে মহাপরিচালক মহোদয় গত ০২/০৫/২০১৭ ইং তারিখ সিনিয়র সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জুলাই' ২০১৭ মাসে অনুষ্ঠিত শেরপা সংক্রান্ত সম্মেলনের প্রস্তুতি সভা সম্পর্কে সকলকে অবহিত করেন। উক্ত সভায় কারিগরি শিক্ষা অধিদপ্তরপ্রাধীন প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান টয়লেট সুবিধা ও নিরাপদ পানির ব্যবস্থা পর্যালোচনা পূর্বক “২০১৮ সালের মধ্যে সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত টয়লেট ও টয়লেট সুবিধা নিশ্চিত করণের লক্ষ্যে গ্রহণযোগ্য সুপারিশমালা সমেত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরপ্রাধীন প্রতিষ্ঠানসমূহ থেকে তথ্য চেয়ে ছক প্রেরণ করা হয়। এমপিওভুক্ত প্রতিষ্ঠানের তথ্যের জন্য পরিচালক (ভোকেশনাল) কে এবং বেসরকারী প্রতিষ্ঠানের জন্য চেয়ারম্যান কারিগরি শিক্ষা বোর্ডকে পত্র দেয়া হয়। কারিগরি শিক্ষা অধিদপ্তরপ্রাধীন প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত তথ্য সংকলনের পর নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা জাতীয় মানদণ্ডে আধুনিকায়ন ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বার্ষিক কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়।


মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত ও নির্দেশনা অনুযায়ী শেরপা সম্মেলন বাস্তবায়নের লক্ষ্যে নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা Bangladesh National Building Code (BNBC) এর মানদণ্ড [টয়লেট পুরুষ ১:৪০, মহিলা ১:২৫, ওয়াশ বেসিন পুরুষ ১:৬০, মহিলা ১:৪০ অনুপাত অথবা সর্বনিম্ন ২টা এবং সুপেয় পানির জন্য ফিল্টার ১:৫০) নিশ্চিত করার লক্ষ্যে আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্ত ১. কারিগরি শিক্ষা অধিদপ্তরপ্রাধীন ৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউট, ৬৪টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ৩টি ইঞ্জিনিয়ারিং কলেজ, ১টি ডিটিটিআই, ১টি টিটিটিসি প্রতিষ্ঠানসমূহের BNBC এর মানদণ্ড নিশ্চিত করার লক্ষ্যে প্রতিষ্ঠানের চাহিদার আলোকে তালিকা প্রস্তুত করে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রেরিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সাথে যৌথ আলোচনা পূর্বক বাজেট প্রনয়ন করে অধিদপ্তরকে অবহিত করবে। উক্ত কর্মসূচি ডিসেম্বর' ২০১৭ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্ত ২. এমপিওভুক্ত বেসরকারী প্রতিষ্ঠানের “শেরপা” এর লক্ষ্য বাস্তবায়নের জন্য ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বিভাগে ১টি করে সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রতিষ্ঠানসমূহ নিজস্ব অর্থায়নে BNBC এর শর্ত পূরণ করবে এবং নতুন এমপিও প্রদানের ক্ষেত্রে উক্ত শর্তাবলী পূরণ ব্যতিরেকে এমপিও না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিষ্ঠানসমূহকে BNBC এর শর্ত আগামী ডিসেম্বর' ২০১৭ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্ত ৩. নন-এমপিওভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে “শেরপা” এর লক্ষ্যমাত্রা অর্জনে BNBC এর শর্ত আগামী জুন ২০১৮ এর মধ্যে পূরণ করতে হবে। এ বিষয়ে চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদান করবেন। তাছাড়া নতুন প্রতিষ্ঠান এর ক্ষেত্রে BNBC এর শর্তাবলী নিশ্চিত করে এফিলিয়েশন প্রদানের বিষয়টি নিশ্চিত করবেন।

পরিশেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


অশোক কুমার বিশ্বাস
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
তারিখঃ ২৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৫.০৩৩.০০১.২০১৭-৬৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

০২। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

০৩। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৪। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।

০৫। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।

০৬। অধ্যক্ষ, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকা/বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।

০৭। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।(সকল)

০৮। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশেরন ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১০। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২। সংরক্ষণ নথি।